শেখ হাসিনার উদ্যোগ

মুজিব বর্ষ

# চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি -২
## বাবুরহাট, চাঁদপুর।

যোগাযোগ:
টেলিফোন: ০৮৪১-৬৫১১১ (অফিস)
ই-মেইল:chandpurpbs2@gmail.com
ওয়েবসাইট: pbs2.chandpur.gov.bd

স্মারক নং-২৭.১২.১৩২২.৫৭৮.০২.০০৮.২৩. ৪৮১৭

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ / ২৪ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

সূত্র: স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০৪.২৩.১৩২৩, তারিখ: ২২/০৬/২০২৩ খ্রিঃ।

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ নিম্নবর্ণিত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)<br><br>৪৪ জন | সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি (Last Pay Certificate) অনুযায়ী মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো-২০১৬ এর সংশ্লিষ্ট পদের প্রারম্ভিক বেতন, যা বেশি তদানুযায়ী বেতন নির্ধারন করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি। | ০১) **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (১৬/০৭/২০২৩ খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ৩য় চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরি করতে পারবেন।<br>০২) **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন)/০৬ (ছয়)/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩) **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ (চাঁদপুর পবিস-২) কর্তৃক দ্বিতীয় পক্ষের মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের কর্মমূল্যায়ন করা হবে। ধারাবাহিকভাবে কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ ৩ বছর পূর্তির সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে নূন্যতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে । তবে অত্র পবিস-এ সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ (পঞ্চান্ন) বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চুক্তি নবায়ন করা যেতে পারে।<br>০৪) **নিয়োগ পদ্ধতিঃ** বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে । |

**০১। চুক্তির সময়কালঃ**

নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। চুক্তিকালীন কাজকর্ম ও প্রতি বছরের কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর কর্তৃপক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ২/১ দিন বিরতি দিয়ে পুনরায় ০৩ (তিন) বছর মেয়াদে ২য় চুক্তি সম্পাদন এবং একই নিয়মে সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের পর সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে পুনরায় আরও ০৩ (তিন) বছর মেয়াদের জন্য ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে সর্বোচ্চ (০৩+০৩+০৩) = ০৯ (নয়) বছর অথবা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) অত্র সমিতিতে চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন।

**০২। আবেদনপত্র পূরণ ও জমাদানঃ**

আগ্রহী প্রার্থীগণ চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (**Web: pbs2.chandpur.gov.bd**) হতে আবেদন ফরম (ফরম নং ১১০-০০২,ভার্সন-০১) A-4 সাইজের কাগজে ডাউন লোড পূর্বক **প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১৬/০৭/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বাবুরহাট, চাঁদপুর এর বরাবরে ডাকযোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বাবুরহাট, চাঁদপুর এই ঠিকানায় পৌছাতে হবে।** অসম্পূর্ণ, নির্ধারিত ফরম ব্যতিত অন্য কোন ফরম,সাদাকাগজে/ সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। কোন ব্যক্তি যদি একাধিক মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করেন তাহলে উক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৩। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ-পত্রসমূহ সংযুক্ত করতে হবেঃ**

(ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (সত্যায়িত কপি);
(ঙ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বাপবিবোর্ড/পবিস কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(চ) সিনিয়র জেনারেল ম্যনেজার/জেনারেল ম্যনেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ পত্র/প্রত্যয়ন পত্র" যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।
(ছ) আবেদন পত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র কুরিয়ার/ডাকযোগে সমিতির সদর দপ্তর, বাবুরহাট, চাঁদপুর এ নির্ধারিত সময়ের মধ্যে পৌছাতে হবে।

০৪। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০/- টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের পবিস মানব সম্পদ পরিদপ্তর স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্ববিস্তারে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিসে চাকুরী সম্পন্নকারীগণকে অবশ্যই একাধিক পবিস এ চাকুরীর "অভিজ্ঞতা সনদ" দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

(ঘ) ইতিপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঙ) অত্র পবিসের এলাকা পরিচালক / মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা / কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী-স্ত্রীগণের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

(চ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্নের পূর্বে কোন কারনে কোন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/চাকুরীচ্যুত হন বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত থাকেন অথবা মেয়াদ পূর্তির পূর্বে স্বেচ্ছায় অবসর গ্রহন করেন অথবা দেশের ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হন, তাহলে সেই প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতিরেকে তাৎক্ষনিকভাবে চাকুরীহতে বরখাস্তসহ আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

(ছ) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমানিত হলে নিয়োগ প্রাপ্ত উভয়ের চুক্তি বাতিল করা হবে।

(জ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগণ কোন বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি বা অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে সার্বক্ষনিক বা খন্ডকালীনভাবে নিয়োজিত হতে বা থাকতে পারবেন না।

(ঝ) তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগপ্রাপ্ত হলে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঞ) অসম্পূর্ণ/ভূল আবেদন পত্র বাতিল বলে গণ্য করা হবে।

(ট) চাঁদপুর জেলার এবং মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলার মল্লিকের চর গ্রামে স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই।

(ঠ) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

(ড) চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।

(ঢ) চুক্তিভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরি শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

(ণ) আবেদন পত্রে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(ত) প্রাপ্ত আবেদন পত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূণ্য পদের সংখ্যা ও পরবর্তী ০১ (এক) বছরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে।

(থ) বিভিন্ন পবিসে চুক্তিভিত্তিতে কর্মরত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত চাঁদপুর পবিস-২ এ নিয়োগের জন্য উপযুক্ত বিবেচিত হবেন না। তবে সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ০৩ (তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র পবিসে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

(দ) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

( দেব কুমার মালো )
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়,বাপবিবোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ড এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চাঁদপুর
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার------পবিস-১/২/৩/৪। বিজ্ঞপ্তি ও আবেদন ফরম আপনার পবিসে সংরক্ষণ পূর্বক প্রার্থীগণের চাহিদা অনুযায়ী সরবরাহের বিশেষ অনুরোধসহ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর/ফরিদগঞ্জ/মতলব উত্তর/মতলব দক্ষিণ/হাইমচর।
০৮। ডিজিএম, ফরিদগঞ্জ/মতলব উত্তর/মতলব দক্ষিণ জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।
০৯। এজিএম (অর্থ/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), চাঁদপুর পবিস-২।
১০। এজিএম (ওএন্ডএম), কামতা/হাইমচর সাব-জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।
১১। এজিএম (আইটি), চাঁদপুর পবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১২। নোটিশ বোর্ড, চাঁদপুর পবিস-২।
১৩। অফিস নথি/মাষ্টার নথি।

( দেব কুমার মালো )
জেনারেল ম্যানেজার

ফরম নং- ১১০-০০২, ভার্সন-০১

## চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে প্যানেলভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

(বিঃদ্রঃ সংশ্লিষ্ট শুণ্যস্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

জেনারেল ম্যানেজার
চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
বাবুরহাট, চাঁদপুর।

পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে সংযোজন করে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-০২/২০২৩ ............................................ ০৩. পদের ধরণঃ..........................................

০২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

...................................................................... ........................................................................

০৪. নিয়োগ বিজ্ঞপ্তির সূত্র — ০৫. প্রকাশনার তারিখ

...................................................................... ............................................ ........................................................................

০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) — (ইংরেজীতে বড় হাতের অক্ষরে) — ০৭. জন্ম তারিখ (এসএসসি পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

....................................................................................................... ........../............./.............. ( দিন/মাস/বছর)

০৮. পিতার নাম — ০৯. বয়স (১৬/০৭/২০২৩ খ্রিঃ তারিখে)

....................................................................................................... ........................................................................

১০. মাতার নাম — ১১. ধর্ম

........................................ .................................... .................................... ..........................

১২. জাতীয়তা — ১৩. নিজ জেলা — ১৪. ভৌগোলিক এলাকা — ১৫. রক্তের গ্রুপ

....................................................................................................... ১৭.বৈবাহিক অবস্থাঃ বিবাহিত / অবিবাহিত (টিক (√) দিন)

১৬. টেলিফোন/মোবাইল নম্বর

১৮. স্থায়ী ঠিকানাঃ

.................................................... ........................................ .................................... ..........................

ক.গ্রাম/সড়ক/বাড়ী — খ. ডাকঘর — গ. উপজেলা/থানা — ঘ. জেলা

১৯. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

.................................................... ........................................ .................................... ..........................

ক. গ্রাম/সড়ক/বাড়ী — খ. ডাকঘর — গ. উপজেলা/থানা — ঘ. জেলা

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি, বাবুরহাট, চাঁদপুর
২৪/৮/২৩

শেখ হাসিনার উদ্যোগ

২০. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২১. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে):

| ক্রঃ নং | পবিসের নাম | কর্মকালীন সময় | | কত বছর কর্মরত ছিলেন |
|---|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (রক্ত সম্পর্কের আত্মীয় ব্যতীত):

| নাম/পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি, যা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

............................................ ............................................

তারিখ আবেদনকারীর স্বাক্ষর